

NSW শিক্ষা অধিদপ্তর

# NSW -এর সরকারী স্কুলে Year 7 -এ ভর্তি

## আপনার সন্তানের Year 6 থেকে Year 7 এ স্থানান্তর শুরু করতে অনলাইনে আবেদন করুন।

### আপনার সন্তানের স্থানীয় স্কুল

বেশিরভাগ NSW সরকারী স্কুলে ছাত্র-ছাত্রী ভর্তির এলাকা নির্ধারণ করা আছে, যাতে সকল স্কুল বয়সী শিশুরা একটি সরকারী স্কুলে ভর্তি হতে পারে যা তাদের স্থানীয় স্কুল ।

আপনার সন্তানের স্থায়ী আবাসিক ঠিকানা নির্ধারণ করে কোন স্কুল তার স্থানীয় স্কুল হবে। education.nsw.gov.au/school-finder ওয়েবসাইটে The School Finder (স্কুল ফাইন্ডার) টুল আপনাকে স্থানীয় স্কুল খুঁজে পেতে সাহায্য করতে পারে।

NSW-এর বেশীরভাগ পিতামাতা এবং যত্নপ্রদানকারীগণ তাদের সন্তানদের উৎকর্ষের মানের শিক্ষা প্রদানের জন্য তাদের স্থানীয় স্কুলকে বেছে নেয়। বিভাগের অনলাইন ভর্তি ব্যবস্থা হাই স্কুলে স্থানান্তরকে সহায়তা করে।

স্থানীয় স্কুলগুলো সকল স্তরের ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য শিক্ষার ব্যবস্থা করে থাকে, যার মধ্যে রয়েছে উচ্চ সম্ভাবনা এবং প্রতিভাবান শিক্ষার্থী এবং অতিরিক্ত শিক্ষা এবং সহায়তা চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম। এছাড়াও নিয়মিত পাঠক্রম বহির্ভূত বিভিন্ন ধরনের কার্যক্রমও তারা প্রদান করে।

বহুবিধ-ক্যাম্পাস সম্পন্ন কিছু কলেজ আছে যাদের কয়েকটি স্কুল বা ক্যাম্পাস থাকে। প্রতিটি সতন্ত্র স্কুল বা ক্যাম্পাস বিভিন্ন বিষয়ের উপর পারদর্শীতামূলক শিক্ষা প্রদান করে থাকে। উদাহরণস্বরূপ, জুনিয়র ক্যাম্পাস (Years 7-9 বা 7-10), সিনিয়র ক্যাম্পাস (Years 10-12 বা 11-12), শিক্ষাগতভাবে নির্বাচিত ক্যাম্পাস, সহ-শিক্ষা ক্যাম্পাস এবং একক লিঙ্গের ক্যাম্পাস আছে।

এছাড়াও কেন্দ্রীয় স্কুল আছে যা অনেক গ্রামীণ এবং বিচ্ছিন্ন সম্প্রদায়কে একটি স্কুল পরিবেশে Kindergarten থেকে Year 12 পর্যন্ত তাদের সন্তানদেরকে শিক্ষিত করার সুযোগ দেয়। অনেক কেন্দ্রীয় স্কুল বিভিন্ন স্কুলের সাথে শিক্ষক এবং ছাত্রদের সংযুক্ত করার জন্য প্রযুক্তি ব্যবহার করে যাতে বিভিন্ন বিষয়ের উপর শিক্ষা প্রদান করা যেতে পারে। এছাড়াও কেন্দ্রীয় স্কুল নিয়মিত পাঠক্রম বহির্ভূত বিভিন্ন ধরনের কার্যক্রমও প্রদান করে।

আপনি যদি অনলাইনে আবেদন করতে না পারেন অথবা আপনি যদি আবেদন করতে না চান তবে অনুগ্রহ করে এই পুস্তিকাটির পৃষ্ঠা-৫ থেকে ফর্মটি পূরণ করুন। সম্পূর্ণ করার পর ফর্মটি আপনার সন্তানের প্রাথমিক স্কুলে ফিরত পাঠান।

আরো তথ্য এখানে পাবেন
education.nsw.gov.au/public-schools/going-to-a-public-school/enrolment/high-school-enrolment

NSW GOVERNMENT

# স্কুলের অন্যান্য পছন্দসমূহ

## আপনার সন্তানকে আপনার স্থানীয় স্কুল ব্যতীত অন্য একটি স্কুলে ভর্তি করার জন্য কারণ থাকতে পারে ।



## অ-স্থানীয় (অথবা এলাকার বাইরে) স্কুল

ভর্তির নির্দিষ্ট এলাকা সম্পন্ন স্কুলগুলোর জন্য ভর্তি করার একটি সীমারেখা আছে, যেমন কত সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা হবে তা স্কুলের ভর্তি এলাকার অধিনস্থ স্থায়ী আবাসস্থানের উপর নির্ভর করে। ভর্তির সীমারেখা আমাদেরকে ইঙ্গিত দেয় যে স্কুল অ-স্থানীয় শিক্ষার্থী ভর্তি গ্রহণ করতে পারবে কি না। ভর্তির এই সীমারেখার মধ্যে, কিছু স্কুল স্থানীয় ভর্তির বাফার লেভেল তৈরী করে যেখানে স্থানীয় শিক্ষার্থীদের জন্য আসন আলাদা করে রাখা হয় যাতে করে বছরের যে কোন সময়ে তারা ভর্তি হতে পারে।

যে সব স্কুল তাদের ভর্তির সীমারেখা অতিক্রম করেছে বা কাছাকাছি চলে এসেছে তারা অ-স্থানীয় শিক্ষার্থীদের ভর্তি করবে না, যদি না কোন ব্যতিক্রমী পরিস্থিতি থাকে।

যাইহোক, যে সব স্কুলে বাফার লেভেলের নিচে আসন সংখ্যা আছে তারা অ-স্থানীয় শিক্ষার্থীদের গ্রহণ করতে পারে।

যে সব স্কুলে অ-স্থানীয় ভর্তির চাহিদা বাফারের নিচে থাকা আসন সংখ্যা অতিক্রম করে, সেখানে স্কুলগুলোকে অবশ্যই এলাকার বাইরের ভর্তির মানদণ্ড তৈরি করতে হবে এবং অ-স্থানীয় আবেদন বিবেচনা করার জন্য একটি নির্বাচক প্যানেল গঠন করতে হবে।

## বিশিষ্ট (বা স্পেশালিষ্ট) স্কুল

বিশিষ্ট স্কুলে একটি বিশেষ প্রতিভা বা আগ্রহকে কেন্দ্র করে মাধ্যমিক শিক্ষা প্রদান করা হয়। সৃজনশীল, পারফর্মিং এবং ভিজ্যুয়াল আর্টস, ভাষা, প্রযুক্তি (সামুদ্রিক প্রযুক্তি এবং গ্রামীণ প্রযুক্তি সহ), কৃষি এবং ক্রীড়ার জন্য স্পেশালিষ্ট স্কুল স্থাপন করা হয়েছে।

কিছু স্পেশালিষ্ট স্কুলে ভর্তি হওয়ার জন্য কৃতিত্ব প্রদর্শন করা বা মহড়া দেয়া আবশ্যক।

## সহায়তা ক্লাস

বিকলাঙ্গ বা অক্ষম ছাত্রদের জন্য কিছু মাধ্যমিক স্কুলে প্রয়োজনীয় শিক্ষা এবং সহায়তার ব্যবস্থা আছে। আপনার সন্তানের প্রাথমিক স্কুলের অধ্যক্ষ আপনাকে সাহায্য করবেন কোন স্কুল আপনার সন্তানের জন্য সঠিক হবে, আপনার পছন্দকে গুরুত্ব দেয়া, কোথায় আপনার সন্তানের শিক্ষালাভের জন্য অতিরিক্ত প্রয়োজনীয় সাহায্য পাওয়া যাবে এবং কতখানি দূরত্বের মধ্যে স্থানীয় বিশেষ সেবাগুলো পাওয়া যাবে।

সহায়তা ক্লাসে স্থান পাবে কি পাবে না এই বিবেচনা নির্ভর করে একটি স্থান নির্ধারণ প্রক্রিয়ার মাধ্যমে।

## শিক্ষাগতভাবে নির্বাচিত স্কুলসমূহ (বা সিলেক্টিভ স্কুল)

শিক্ষার্থী যখন Year 5 -এ, তখন থেকেই সম্পূর্ণ বা আংশিক সিলেক্টিভ স্কুলে ভর্তির আবেদন কার্যক্রম শুরু হয়ে থাকে এবং এটি সাধারন ভর্তি প্রক্রিয়া থেকে দীর্ঘ।

আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে পাওয়া যায়। অনুগ্রহপূর্বক জেনে রাখুন, কোন ধরনের বিলম্বিত আবেদন গ্রহণ করা হয় না।

সিলেক্টিভ স্কুলসমূহের তালিকা এবং তাদের ভর্তির বিস্তারীত প্রক্রিয়াসমূহ এখানে পাবেন: https://education.nsw.gov.au/public-schools/selective-high-schools-and-opportunity-classes

## ইনটেনসিভ ইংলিশ সেন্টার

যে সকল মাধ্যমিক স্কুলে ইনটেনসিভ ইংলিশ ক্লাস আছে, সেগুলো খুঁজতে স্কুল ফাইন্ডার টুল ব্যবহার করুন এখানে: https://education.nsw.gov.au/school-finder

স্থানীয় স্কুল ম্যাপ খুঁজতে আপনার বাসার ঠিকানা বা পোষ্টকোড দিন এবং “Nearby schools”-এ Intensive English Centre বাটন সিলেক্ট করুন।

বিস্তারিত তথ্যের জন্য আপনার স্থানীয় প্রাইমারী স্কুলের অথবা আপনার পছন্দের সেকেন্ডারী স্কুলের অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

আপনার অনুসন্ধানে সাহায্যের জন্য যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে **টেলিফোন ইন্টারপ্রেটর সার্ভিস** 131 450 -এ ফোন করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। এই সেবা আপনাকে বিনামূল্যে দেয়া হবে।

# আগ্রহের অভিব্যক্তি (বা এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট) ফর্ম পূরণ করা

## আপনার স্থানীয় স্কুল এবং/অথবা এলাকার বাইরে সর্বাধিক ৩টি স্কুলের জন্য এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট ফর্ম পূরণের মাধ্যমে আপনি বলতে পারেন যে কোন স্কুলে আপনার সন্তানকে ভর্তি করাতে চান।

আপনার সন্তানকে Year 7 -এ ভর্তি করার ৩টি ধাপ রয়েছে:

## ধাপ 1: আপনার পছন্দের সরকারী স্কুলে/স্কুলগুলোতে ভর্তির আগ্রহের অভিব্যক্তি ফর্ম সম্পূর্ন করুন।

### NSW সরকারী স্কুলের Year 7-এ আগামী বছর ভর্তি হতে আগ্রহী সকল শিক্ষার্থীদের পিতা-মাতা বা অভিভাবকদের এই ফর্ম ইংরেজীতে পূরন করতে হবে।

বর্তমানে NSW সরকারী প্রাথমিক স্কুলে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য, আপনি অনলাইনে আগ্রহের অভিব্যক্তি পূরণ করতে পারেন বা সংযুক্ত কাগজের ফর্মটি পূরণ করতে পারেন এবং এটি আপনার সন্তানের প্রাথমিক স্কুলে ফিরত পাঠাতে পারেন। বর্তমানে NSW সরকারী প্রাথমিক স্কুলে ভর্তি হয়নি এমন শিক্ষার্থীদের জন্য, আপনি অনলাইনে আগ্রহের অভিব্যক্তি পূরণ করতে পারেন বা সম্পূর্ণ করার পর এই ফর্মটি NSW সরকারী মাধ্যমিক স্কুলে ফেরত দিতে পারেন যেখানে আপনি আপনার সন্তানকে ভর্তি করাতে চান।

**সকল এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট ফর্ম অবশ্যই নির্দিষ্ট তারিখের মধ্যে বা সেই তারিখের পূর্বে ফেরৎ দিতে হবে।**

## ধাপ 2: ভর্তির জন্য আবেদনপত্রটি সম্পূর্ণ করুন

যখন আপনার সন্তান একটি স্কুলে স্থান পাবে, তখন আপনাকে একটি **এন এস ডব্লিউ সরকারী স্কুলে ভর্তির আবেদনপত্র** পূরণ করার জন্য বলা হবে। এটা আপনার কাছে টার্ম 2 অথবা টার্ম 3-এর সময় পাঠানো হবে।

আবেদনটি অনলাইনে বা কাগজের ফর্মে পূরণ করা যেতে পারে যা আপনাকে টার্ম 2 বা টার্ম 3 চলাকালীন সময়ে আপনাকে পাঠানো হবে।

অনুগ্রহপূর্বক এই ফর্মের বিস্তারিত পূরণ করুন এবং যত তাড়াতাড়ি সম্ভব ফেরৎ পাঠান।

স্কুলের অধ্যক্ষ আপনার আবেদনপত্রের বিবেচনা ও গ্রহনযোগ্যতা অনুসরন করে ভর্তি বিষয়ক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করবেন। বিস্তারিত তথ্যের জন্য অধ্যক্ষ আপনার সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি একটি ইমেইল বা চিঠি পাবেন যেখানে নিশ্চিত করা হবে যে আপনার সন্তান ভর্তি হতে পারবে কি না।

## ধাপ 3: আপনার নতুন স্কুলকে জানুন

যখন আপনি আপনার সন্তানের ভর্তির অনুমোদন পাবেন, তখন আপনার সন্তানের Year 7 শুরুর সহায়তার জন্য নতুন স্কুল সম্পর্কে জানা আপনার জন্য গুরুত্বপূর্ন।

পরবর্তী বছরে যারা Year 7 শুরু করবে, স্কুল তাদের জন্য স্কুল পরিবর্তন কার্যক্রম এবং একটি নবীনবরণ দিবস আয়োজন করবে। নভেম্বরের শেষে/ডিসেম্বরের শুরুর দিকে অনুষ্ঠীত এই নবীনবরণ দিবসে সাধারনত পিতা-মাতা ও অভিবাবকরা আমন্ত্রিত থাকেন। এটা আপনার সন্তানকে মাধ্যমিক স্কুলের পড়াশোনা ও বিষয়সমূহ, শিক্ষক, শ্রেনীকক্ষ এবং স্কুলের পদ্ধতিসমূহ জানতে সাহায্য করে এবং সহপাঠী ছাত্রদের সাথে পরিচয়ের সুযোগ করে দেয়।

আপনার নতুন স্কুল আপনাকে নবীনবরণ দিবসের তারিখ, স্কুলের পোশাক বিষয়ক তথ্যাবলী, স্কুলে যাতায়াতের উপায়সমূহ ও অন্যান্য গুরুত্বপূর্ন বিষয়াদী জানিয়ে দেবে।

আপনার যদি আরো তথ্যের দরকার হয় তাহলে অধ্যক্ষকে ফোন করুন। যদি আপনার একজন দোভাষীর সাহায্য দরকার হয়, তাহলে দয়া করে টেলিফোন দোভাষী সেবাতে **131 450** নম্বরে ফোন করুন এবং একজন দোভাষীর জন্য বলুন। অপারেটর একজন দোভাষী লাইনে এনে দিবে যিনি আপনার কথাবার্তায় সাহায্য করবেন। এর জন্য আপনাকে কোন খরচ করতে হবে না।

## যে সকল তথ্য আপনার নতুন স্কুলকে সাহায্য করবে আপনার সন্তানকে শেখানোর ও সমর্থনের জন্য

এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার সন্তানের শেখার ও সহায়তার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী নতুন স্কুলকে প্রদান করবেন। এটি অত্যাবশ্যক যে স্কুলকে আপনার সন্তানের অ্যালার্জি বা অন্যান্য কোন মেডিকেল অবস্থা সম্পর্কে জানাবেন।

এই তথ্যাবলীর মধ্যে অর্ন্তভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়, যে আপনার সন্তানের অ্যানাফিল্যাক্সিস, হাঁপানি, ডায়াবেটিস বা মৃগী রোগ আছে।

যদি আপনার সন্তানের অ্যানাফিল্যাক্সিস-এর ঝুঁকি থাকে তাহলে অনুগ্রহ করে আপনার নতুন স্কুলকে একটি চলতি ASCIA Action Plan for Anaphylaxis প্রদান করুন যা আপনার সন্তানের ডাক্তার কর্তৃক পূরণ ও স্বাক্ষরীত।

ASCIA Action Plan-এর সাথে পরিকল্পনায় বর্ণিত জরুরী চিকিৎসার প্রস্তুতি স্বরুপ স্কুলের একটি এড্রিনালিন অটোইনজেক্টর প্রয়োজন। স্কুলকে দেয়া এড্রিনালিন অটোইনজেক্টর-এর মেয়াদোত্তীর্ন হওয়ার তারিখ লিখে রাখুন এবং সময়ের আগেই নতুন অটোইনজেক্টর প্রতিস্থাপন করুন।

## আপনাকে আগ্রহের অভিব্যক্তি সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য তথ্য

### সেকশন A

**সেকশন A**-তে আপনার সন্তানের ব্যক্তিগত তথ্যাবলী প্রদান করুন এবং স্বীকারোক্তিতে স্বাক্ষর দিন।

### সেকশন B

**সেকশন B**-তে আপনার সন্তানের বাসার ঠিকানা অনুযায়ী মনোনীত স্থানীয় স্কুলের নাম দেখাবে। আপনার সন্তান স্থানীয় স্কুলে ভর্তি হওয়ার যোগ্যতা রাখে।

যদি শুধুমাত্র আপনার স্থানীয় স্কুলে ভর্তি করাতে চান তাহলে **সেকশন B**-তে স্বাক্ষর করুন এবং নির্ধারিত তারিখের মধ্যে ফর্মটি ফেরৎ পাঠান। আপনি এখন ফর্মটির পূরণ সম্পন্ন করেছেন।

আপনি যদি একটি শিক্ষাগতভাবে নির্বাচিত স্কুলের জন্য আবেদন করে থাকেন, এবং এই আবেদন যদি অসফল হয় তাহলে আপনি চান যে আপনার সন্তান স্থানীয় স্কুলে ভর্তি হবে, তাহলেও **সেকশন B**-তে স্বাক্ষর করুন এবং তারিখ দিন।

## সেকশন C

যদি আপনি অন্য স্কুলে ভর্তি করাতে চান, তাহলে **সেকশন C**-তে ক্রমানুযায়ী আপনার পছন্দের ৩টি স্কুলের নাম লিখুন।

একটি স্থানের জন্য আপনি আবেদন করতে পারেন:

- বিশিষ্ট ( বা স্পেশালিষ্ট ) স্কুলে
- সহায়তা ক্লাসে (আপনার প্রাইমারী স্কুলের অধ্যক্ষের সাথে পরামর্শ সাপেক্ষে) যারা কি ধরনের সহায়তা ক্লাসের প্রয়োজন তা অনুরোধ করে একটি আবেদনপত্র জমা দিবেন
- এলাকার বাইরে স্কুলে

**দয়া করে লক্ষ্য রাখবেন যে স্পেশালিষ্ট স্কুল এবং অ-স্থানীয় স্কুলে ভর্তির প্যানেলের জন্য আবেদনপত্রের সাথে অতিরিক্ত দলিলপত্র/ তথ্যাবলির প্রয়োজন হয়।**

আর কোন অতিরিক্ত ফর্ম পূরণ করতে হবে কি না এই ব্যাপারে আপনি যদি নিশ্চিত না হোন, তাহলে অনুগ্রহ করে আপনার পছন্দের স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন।

**আপনি যদি একটি এলাকার বাইরে স্কুলে আবেদন করে থাকেন, তাহলে আপনার জন্য আরেকটি অতিরিক্ত ধাপ রয়েছে।**

**স্কুলগুলোতে এলাকার বাইরে শিক্ষার্থী ভর্তির জন্য মানদন্ড রয়েছে যেখানে এলাকার বাইরে শিক্ষার্থী ভর্তির চাহিদা বাফারের নীচে যতগুলো আসন খালি আছে তার থেকে বেশি থাকে।**

যদি আপনি এলাকার বাইরে স্কুলে আপনার সন্তানকে ভর্তি করাতে চান, তাহলে অনুগ্রহ করে ভর্তির কারনগুলো ব্যাখ্যা করুন, যেমন:

- ভাইবোন আগে থেকেই এই স্কুলে ভর্তি থাকে
- স্কুলের নৈকট্য এবং প্রবেশাধিকার
- একক লিঙ্গ স্কুলে যাওয়া
- চিকিৎসা সংক্রান্ত কারণ
- স্কুলের আগে ও পরে আপনার সন্তানের নিরাপত্তা ও তত্ত্বাবধান
- স্কুলে বিষয়সমূহের প্রাপ্তি অথবা বিষয়সমূহের সমন্বয়
- সহানুভূতিশীল পরিস্থিতি
- স্কুলের কাঠামো ও সাংগঠনিক দিক
- স্থানীয় এলাকার সীমানা হতে গ্রহণের ক্ষেত্রে সাম্প্রতিক পরিবর্তনগুলো

স্কুলের ভর্তির প্যানেল শুধুমাত্র ফর্মে উল্লেখিত তথ্যাবলী এবং অন্যান্য সংশ্লিষ্ট নথিপত্র বিবেচনা করবে ।

যদি আপনার সন্তান আপনার পছন্দের 1 নম্বর স্কুলে স্থান না পায়, তাহলে আপনার পছন্দের 2 নম্বর স্কুলে স্থান দেবার জন্য বিবেচনা করা হবে, এরপর আপনার পছন্দের 3 নম্বর স্কুলে, যদি প্রয়োজন হয়।

যদি আপনার সন্তান আপনার পছন্দের কোন একটি স্কুলে স্থান পেতে সফল না হয় তাহলে স্কুল আপনাকে তা জানাবে। এছাড়াও স্কুল আপনাকে ইঙ্গিত দিতে পারে যদি আপনার সন্তান অপেক্ষমান তালিকায় থাকে এবং কোন স্থান খালি হলে আপনার সন্তানকে তা দেয়া হবে।

যদি আপনার সন্তান আপনার পছন্দের তালিকার কোন স্কুলে সুযোগ পায়, তাহলে আপনি সেই তালিকার অপেক্ষাকৃত কম পছন্দনীয় স্কুল থেকে আর কোন অফার পাবেন না।

যদি আপনার আবেদনকৃত কোন স্কুলেই স্থান না পাওয়া যায়, তখন আপনার সন্তান **সেকশন B**-তে তালিকাভুক্ত তাদের স্থানীয় স্কুলে একটি স্থান পাবে, অবশ্য যদি এই শর্তে সেই স্কুল আপনার আবেদন গ্রহন করে।

আপনি একটি আপিল দায়ের করতে পারেন যদি মনে করেন যে আপনার সাথে ন্যায্য আচরন করা হয় নি অথবা ফলাফলটি অযৌক্তিক। মাধ্যমিক স্কুলের অধ্যক্ষ বরাবর লিখিত আপিল দাখিল করতে হবে।

## সেকশন D

**আপনি যদি শিক্ষাগতভাবে নির্বাচিত স্কুলের জন্য আবেদন করে থাকেন** তাহলে দয়া করে এই ফর্মের **সেকশন D** তে টিক চিহ্ন দিন এবং **সেকশন B**, **C** অথবা **সেকশন E** পূরণ করুন যদি আপনার সন্তান শিক্ষাগতভাবে নির্বাচিত স্কুলে স্থান না পায়।

## সেকশন E

**যদি সরকারী স্কুলে আপনার কোন স্থান দরকার না হয় তাহলে সেকশন E পূরণ করুন।**

**সেকশন E** পূরন করার মাধ্যমে NSW সরকারী স্কুলগুলো কর্তৃক আপনার সন্তানকে Year 7 এ স্থান দেয়ার সকল কার্যক্রম সমাপ্ত করে দেয়।



NSW শিক্ষা অধিদপ্তর

# আগ্রহের অভিব্যক্তি (Expression of Interest)

NSW- এর সরকারী স্কুলে Year 7- এ স্থান

Placement in Year 7 in a NSW Government school.

দয়া করে এই ফর্মটি ইংরেজীতে পূরণ করুন।

SRN [ ][ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

শুধুমাত্র অফিস ব্যবহারের জন্য (পিতামাতা/অভিভাবকরা পূরণ করবেন না) (Office use only)

## A - ছাত্র-ছাত্রীর তথ্য (A. Student information)

পারিবারিক নাম
Family name

প্রথম মূল নাম
First given name

Middle (অন্যান্য) নাম/নামগুলো
Middle (other) name/s

লিঙ্গ
Gender ☐ পুরুষ Male ☐ মহিলা Female

জন্ম তারিখ
Date of birth [ ][ ]/[ ][ ]/[ ][ ][ ][ ]
*দিন* *মাস* *বছর*

আবাসিক ঠিকানা *(যেমন 1 High Street, Sydney, NSW, 2000)* (**Residential address**)

পিতামাতা/সেবাদানকারীর নাম
Name of parent/carer

ফোন নাম্বার *(মোবাইল)*
Phone number *(mobile)*

ফোন নাম্বার *(কাজ)*
Phone number *(home)*

ফোন নাম্বার *(বাসা)*
Phone number *(work)*

ইমেইল ঠিকানা
Email address

ছাত্র-ছাত্রীর বর্তমান প্রাথমিক স্কুল (Student's current primary school)

**ঘোষণা (Declaration)**

আমি ঘোষণা করছি যে আগ্রহের অভিব্যক্তিতে যে সকল তথ্য দিয়েছি, আমার জানামতে এবং বিশ্বাস করি যে, তা সঠিক এবং সম্পূর্ণ।

আমি বুঝতে পারছি যে, এই আবেদনপত্রের বিবৃতি পরবর্তীতে মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণিত হলে, এই আবেদনের উপর যে সিদ্ধান্ত নেয়া হয়েছে তা পাল্টে যেতে পারে। আমি বুঝতে পারছি যে, এই স্থান প্রক্রিয়ার পর পরবর্তী পর্যায়ের ভর্তি নির্ভর করবে NSW-এর সরকারী স্কুলে ভর্তির আবেদনপত্র (Application to Enrol in a NSW Government School) গ্রহন এবং বিবেচনার উপর।

পিতামাতা/সেবাদানকারীর স্বাক্ষর (Signature of parent/carer)

ছাপানো নাম (Print name)

তারিখ
Date [ ][ ]/[ ][ ]/[ ][ ][ ][ ]
*দিন* *মাস* *বছর*

## B - আপনার স্থানীয় সরকারী স্কুলে স্থান (B. Placement at local government school)

আপনার স্থানীয় স্কুল (Your local school)

যদি আপনি আপনার মনোনীত স্থানীয় সরকারী স্কুলে সন্তানকে দিতে চান তাহলে দয়া করে নীচের অংশে স্বাক্ষর করুন।

পিতামাতা/সেবাদানকারীর স্বাক্ষর (Signature of parent/carer)

তারিখ
Date [ ][ ]/[ ][ ]/[ ][ ][ ][ ]
*দিন* *মাস* *বছর*

আপনি যদি উপরে স্বাক্ষর করে থাকেন এবং আপনার সন্তানকে **শুধুমাত্র** এই স্কুলে ভর্তি করাতে চান, তাহলে আপনি এখন এই ফর্মটি পূরণ সম্পূর্ণ করেছেন।

## C – অন্যান্য সরকারী স্কুলে স্থান দেয়ার বিবেচনা
## C. Consideration to be given to placement at other government schools

**আপনি যদি পছন্দ করেন যে আপনার সন্তান অ-স্থানীয় স্কুলে যাবে, তাহলে আপনি সর্বোচ্চ তিনটি পছন্দ দিতে পারেন। আপনি অন্তর্ভুক্ত করতে পারেন:**

- একটি **বিশেষ সরকারী স্কুল।** অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আপনি যদি আপনার সন্তানকে একটি বিশেষ স্কুলে ভর্তির জন্য বিবেচনা করতে চান তাহলে প্রাথমিক স্কুলের প্রিন্সিপালের কাছ থেকে সাহায্য নিতে আপনাকে উৎসাহিত করা হয়।
- **সহায়তা ক্লাস** আছে এমন একটি স্কুল যা শিক্ষার্থীদের অতিরিক্ত শিক্ষা এবং সহায়তা প্রদান করে। **অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এটি একটি স্থান নির্ধারণ প্যানেলের মাধ্যমে হয়ে থাকে। আপনি যদি আপনার সন্তানকে সহায়তা ক্লাসে স্থানের জন্য বিবেচনা করতে চান তাহলে আপনার প্রাথমিক স্কুলের প্রিন্সিপালের কাছ থেকে সাহায্য নেওয়া উচিত।**
- অন্যান্য **অ-স্থানীয়** সরকারী স্কুল। অনুগ্রহ করে এই পৃষ্ঠার নীচে অ-স্থানীয় স্কুলে ভর্তি করানোর কারণ বর্ণনা করুন (এবং প্রয়োজনে ৭ নম্বর পৃষ্ঠায় লিখুন)।

আমি আমার সন্তানের স্থানের জন্য নিম্নলিখিত সরকারী স্কুলে আবেদন করতে চাই:

| | |
|---|---|
| পছন্দ 1 স্কুল<br>Choice 1 school | |
| পছন্দ 2 স্কুল<br>Choice 2 school | |
| পছন্দ 3 স্কুল<br>Choice 3 school | |

**আমি বুঝতে পারছি যে আমার সন্তান যদি উপরের যে কোন একটি স্কুলে স্থান পেতে অকৃতকার্য হয়, তাহলে সে B অনুচ্ছেদের তালিকাভুক্ত মনোনীত স্থানীয় স্কুলে স্থান পাবে।**

পিতামাতা/সেবাদানকারীর স্বাক্ষর (Signature of parent/carer)

তারিখ
Date __ __ / __ __ / __ __ __ __
দিন মাস বছর

## শুধুমাত্র প্রাথমিক স্কুল অধ্যক্ষের ব্যবহারের জন্য (Primary school principal use only)

Primary school principals may wish to include comments to assist secondary school principals make placement decisions. These comments should refer to the reasons given by parents and carers.

Signature of primary school principal

Date __ __ / __ __ / __ __ __ __
day month year

**আপনি যদি অ-স্থানীয় স্কুলে স্থানের জন্য আবেদন করে থাকেন, শুধুমাত্র তখনই নীচের তথ্য পূরণ করুন। আপনি যদি বিশেষ স্কুল অথবা সহায়তা ক্লাসের জন্য আবেদন করে থাকেন, তাহলে এই অনুচ্ছেদটি পূরণ করার প্রয়োজন নাই।** যদি প্রয়োজন হয়, অ-স্থানীয় স্কুলে স্থানের জন্য আপনি অতিরিক্ত তথ্য যোগ করতে পারেন। আরো তথ্যের জন্য পৃষ্ঠা 2 এবং 3 পড়ুন।

**পছন্দের 1 স্কুলের নাম:**
**Name of Choice 1 school**

এই স্কুলে ভর্তি করানোর পিছনে কারনগুলো বর্ণনা করুন। (স্কুলে ভর্তির নির্দিষ্ট মানদন্ডসমূহ দেখে নিন)।

## C (অব্যাহত) C. (continued)

**পছন্দের 2 স্কুলের নাম**
**Name of Choice 2 school**

এই স্কুলে ভর্তি করানোর পিছনে কারনগুলো বর্ণনা করুন। (স্কুলে ভর্তির নির্দিষ্ট মানদন্ডসমূহ দেখে নিন)।

**পছন্দের 3 স্কুলের নাম**
**Name of Choice 3 school**

এই স্কুলে ভর্তি করানোর পিছনে কারনগুলো বর্ণনা করুন। (স্কুলে ভর্তির নির্দিষ্ট মানদন্ডসমূহ দেখে নিন)।

## D – পড়াশুনার মানের বিবেচনায় নির্বাচিত স্কুল (D. Academically selective school)

☐ পড়াশুনার মানের বিবেচনায় নির্বাচিত স্কুলে স্থানের জন্য আমি একটি আবেদনপত্র জমা দিয়েছি। আমার সন্তান নির্বাচিত মাধ্যমিক স্কুল পরীক্ষায় বসবে।
I have submitted an application for placement in an academically selective school. My child will be sitting for the Selective High Schools test.

*আপনার সন্তান যদি এই স্কুলে/স্কুলগুলোতে স্থান পেতে অকৃতকার্য হয়, দয়া করে এই ফর্মের B অনুচ্ছেদ, C অনুচ্ছেদ, অথবা E অনুচ্ছেদ পূরণ করুন।*

## E – স্থানের প্রয়োজন নাই (E. Placement not required)

আমি নিশ্চিত করছি যে আমার সন্তান আগামী বছর NSW সরকারী স্কুলে স্থান চাইবে না। আমি ব্যক্তিগত তথ্য সংগ্রহ সহ জমা দেওয়া এই তথ্যগুলো পড়েছি এবং বুঝতে পেরেছি। আমার সন্তান নিম্নলিখিত স্কুলে যাবে।*
I confirm that my child will not be seeking placement at a NSW Government school next year. I have read and understood the information about this submission including the collection of personal information. My child will be attending the following school.*

**পিতামাতা/সেবাদানকারীর স্বাক্ষর (Signature of parent/carer)**

**তারিখ**
**Date** ☐☐/☐☐/☐☐☐☐
*দিন মাস বছর*

*এই তথ্য দেয়া আবশ্যক নয় কিন্তু দিলে প্রশংসিত হবে।

### গোপনীয়তা সংক্রান্ত বিবৃতি (Privacy Statement)

NSW সরকারী স্কুলে সম্ভাব্য Year 7 তালিকাভুক্তির আবেদনগুলোর সমন্বয় সাধনের উদ্দেশ্যে এই ফর্মটিতে প্রদত্ত ব্যক্তিগত তথ্য **এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট - প্লেসমেন্ট ইন Year 7** - এই নামে NSW সরকারী স্কুলগুলোতে সংগ্রহ করা হচ্ছে। NSW শিক্ষা বিভাগকে (**বিভাগ**) প্রদত্ত কোনও তথ্য NSW গোপনীয়তা আইনগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ রেখে ব্যবহার, প্রকাশ এবং সংরক্ষণ করা হবে।

জনস্বাস্থ্য, শিক্ষা এবং শিশু সুরক্ষা আইনের অধীনে নৈতিক বা আইনি দায়িত্ব এবং অন্যান্য আইনি বাধ্যবাধকতা এবং কার্যাদি এবং কমনওয়েলথ - রাষ্ট্রীয় তহবিল চুক্তির অধীনে ডাটা সংগ্রহ এবং প্রতিবেদনের প্রয়োজনীয়তা পূরণের জন্য **বিভাগ** কর্তৃক নির্দিষ্ট তথ্য প্রয়োজন। এর মধ্যে শিক্ষার্থীদের ফলাফলের মূল্যায়ন এবং বিশ্লেষণ থাকতে পারে।

উপরোক্ত উদ্দেশ্যে এবং আইন দ্বারা অনুমোদিত বা প্রয়োজনীয় হিসাবে NSW রাজ্য এবং কমনওয়েলথ সরকারী সংস্থা এবং অন্যান্য সংস্থার কাছে তথ্য প্রকাশ করা যেতে পারে।

একটি সুরক্ষিত ইলেকট্রনিক ডাটাবেসে তথ্য সংরক্ষণ করা হবে। আপনি আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করে তথ্য পেতে বা সংশোধন করতে পারেন। সংগৃহীত তথ্য অথবা এটা কীভাবে ব্যবহৃত অথবা প্রকাশ করা হয়েছে সে সম্পর্কে আপনার যদি উদ্বেগ অথবা অভিযোগ থাকে তবে আপনার স্কুলের সাথে যোগাযোগ করা উচিৎ।

আপনি যদি কিছু অনুরোধকৃত তথ্য প্রদান করতে না চান তবে এটি আপনার সন্তানের ভর্তি, স্কুলের জন্য রিসোর্স সংস্থান বা আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা পূরণের উপর ক্ষতিকারক প্রভাব ফেলতে পারে।

আপনার সন্তান NSW সরকারি স্কুলে ভর্তি হওয়ার সময় তথ্য সংগ্রহ সম্পর্কে আরও তথ্য এবং আমরা কীভাবে আপনার গোপনীয়তা রক্ষা করি তা বিভাগের ওয়েবসাইটে বা আপনার স্কুল থেকে পাওয়া যায়। আপনি এই ওয়েবসাইট থেকে বিভাগের গোপনীয়তা সংগ্রহ বিজ্ঞপ্তির একটি অনুলিপি পেতে পারেন https://education.nsw.gov.au/content/dam/main-education/about-us/rights-and-accountability/media/documents/privacy/collection-notice.pdf

যে সকল শিক্ষার্থীরা বর্তমানে সরকারী প্রাথমিক স্কুলে পড়ছে, তাদের ক্ষেত্রে দয়া করে এই ফর্মটি আপনার প্রাথমিক স্কুলে ফিরিয়ে দিন। যে সকল শিক্ষার্থীরা বর্তমানে সরকারী প্রাথমিক স্কুলে পড়ছে না, তাদের ক্ষেত্রে দয়া করে এই ফর্মটি আপনার সন্তানের ভর্তির প্রথম পছন্দের সরকারী মাধ্যমিক স্কুলে ফিরিয়ে দিন। **সকল এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট ফর্ম অবশ্যই নির্দিষ্ট তারিখের মধ্যে বা সেই তারিখের পূর্বে ফেরৎ দিতে হবে।**



আমরা সমস্ত আদিবাসীদের মাতৃভূমিকে স্বীকার করি এবং দেশের প্রতি আমাদের শ্রদ্ধা জানাই।

**Say hello**

@NSWDepartmentofEducation

@NSWEducation

@NSWEducation

education.nsw.gov.au

© 2023 NSW Department of Education

GPO Box 33, Sydney NSW 2001 Australia

Phone: 1300 679 332